কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 23 AUGUST 2026 ,SUNDAY | ২৩ আগস্ট ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-260

## পাহাড়ের দীর্ঘদিনের সমস্যা সমাধানে বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২২ আগস্ট :** পাহাড়ের দীর্ঘদিনের সমস্যা সমাধানের উদ্দেশ্যে শনিবার শিলিগুড়িতে একটি বেসরকারি রিসর্টে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আয়োজিত হয় এক গুরুত্বপূর্ণ বৈঠক। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা, প্রশাসনিক আধিকারিকগন সহ পাহাড়ের বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠন এর প্রতিনিধিগন।এই ম্যারাথন বৈঠক শেষে দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা সাংবাদিকদের জানান এদিনের বৈঠকে পাহাড়ের দীর্ঘদিনের সমস্যা সমাধানের লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কমিটির চেয়ারম্যান হিসাবে থাকবেন পঙ্কজ কুমার সিং যাকে কেন্দ্রীয় সরকার আগেই দায়িত্ব দিয়েছে। পাহাড়ের বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠন এর প্রতিনিধিগন এই কমিটিতে অন্তর্ভুক্ত হবেন। চেয়ারম্যান এর নেতৃত্বে এই কমিটি আলোচনা করে পাহাড়ের সমস্যা ও তার সমাধান, উন্নয়ন মূলক কাজের প্রস্তাব সহ বিভিন্ন বিষয়ে রূপরেখা প্রস্তুত করে কেন্দ্রীয় সরকার এর কাছে পাঠাবে। আশা করা যাচ্ছে যে দীর্ঘদিনের পাহাড়ের সমস্যা দূরীকরনে এই উদ্যোগ সদর্থক হবে।

## যশোডাঙ্গা ব্লক অফিসে ভাঙচুরের ঘটনায় মামলা দায়ের পুলিশের কাছে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট :** যশোডাঙ্গা ব্লক অফিসে ভাঙচুরের ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে শামুকতলা থানার পুলিশের কাছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের পক্ষ থেকে। শামুকতলা থানার পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার অন্নপূর্ণা ভাণ্ডারের টাকা না পেয়ে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে আসা মহিলারা পুলিশ আধিকারিক কে ঘেরাও করেন। ভাঙচুর করা হয় ব্লক অফিসে। মারধর করা হয় ব্লক অফিসের অস্থায়ী কর্মী এবং দুই সিভিক ভলেন্টিয়ার কে। মহিলাদের হাতের মার থেকে বাঁচতে ব্লক অফিসের কর্মীরা শৌচালয় থেকে শুরু করে বাথরুমে গিয়ে আত্মগোপন করেছিলেন। শনিবার ব্লক প্রশাসনের পক্ষ থেকে শামুকতলা থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে যশোডাঙ্গা ব্লক অফিসে ভাঙচুরের ঘটনা নিয়ে। অভিযোগ জমা করার পরেই পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কলকাতার ফুটপাথ দখলমুক্ত এবং একাধিক অবৈধ গেস্ট হাউস পরিদর্শনে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২২ আগস্ট :** সাধারণ মানুষ নিরাপদ ও শান্তিতে হাঁটার জন্য ফুটপাথ ব্যবহার করেন। সেই ফুটপাথ দখল করে বসবাস করা একদমই নিরাপদ নয়। কলকাতার অনেক রাস্তা তেই দেখা যায় রাস্তার ফুটপাথের মধ্যেই স্টোভ বা গ্যাস জ্বালিয়ে অনেক মানুষ রান্না করছে বা বাচ্চাদের জন্য দুধ গরম করা হচ্ছে। দখল হয়ে যাওয়া এরকম বেশ কয়েকটি ফুটপাত দখলমুক্ত করতে আজ অভিযানে নামেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি বলেন , "এরকম অবৈধভাবে ফুটপাথ দখল করে বসবাস করলে ধীরে ধীরে কলকাতার প্রত্যেকটি ফুটপাথ দখল হয়ে যাবে"।কলকাতার নিউ মার্কেটের কাছে মির্জা গালিব স্ট্রিটে গত ১৯ আগস্ট একটি গেস্ট হাউসে অগ্নিকাণ্ডের ঘটনায় বেশ কয়েকজনের মৃত্যুর ঘটনায় ইতিমধ্যেই বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে কলকাতা পুলিশ। আজ মারকুই স্ট্রিটের একাধিক অবৈধ গেস্ট হাউস পরিদর্শন করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি বলেন ,"যে সমস্ত হোটেল গুলিতে পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা ও আপদকালীন নির্গমন পথ নেই আজ সেরকম একাধিক অবৈধ গেস্ট হাউস পরিদর্শন করে প্রশাসনকে অবিলম্বে সেগুলি বন্ধ করার নির্দেশ দিয়েছি। অগ্নি নির্বাপন ব্যবস্থা সঠিকভাবে ছিল কিনা বা হোটেল সম্পর্কিত অন্যান্য অনুমতি ছিল কিনা ,এই ধরনের একাধিক বিষয় খতিয়ে দেখা হয়েছে।"

## পশ্চিমবঙ্গ সরকারের চালু করা চারটি হেল্প লাইন নম্বর বিষয়ে বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২২ আগস্ট :** পশ্চিমবঙ্গ সরকারের চালু করা চারটি হেল্প লাইন নম্বর বিষয়ে শনিবার শিলিগুড়িতে একটি বেসরকারি রিসর্টে আয়োজিত হয় এক পর্যালোচনা বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ , রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকগন। বৈঠকে যে চারটি হেল্পলাইন নম্বর বিষয়ে পর্যালোচনা হয় সেগুলি হলো ১) কাটমানি-১১৫৩৩৪ ,২) সিন্ডিকেট-১৫৫৩৩৫ ,(৩) অবৈধ রোড বা টোল ট্যাক্স-১৫৫৩৩৭ ও (৪) অবৈধ মদ-১৫৫৩৩৯ । জানা গেছে এই টোল ফ্রি নম্বর গুলিতে সাধারন মানুষ সরাসরি তাদের সমস্যাসংক্রান্ত অভিযোগ জানাতে পারবেন। প্রতিটি অভিযোগের দ্রুত ও কার্যকর ব্যবস্থা নিশ্চিত করা হবে। এর ফলে সাধারন মানুষ তোলাবাজি ও অবৈধ চক্র থেকে মুক্তি পাবেন।

# তারাপীঠ কাণ্ডের পর আলিপুরদুয়ারে হোটেল-রেস্তোরাঁয় দমকলের অভিযান



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট :** তারাপীঠের হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৯ জনের মৃত্যুর পর রাজ্যজুড়ে হোটেল, লজ ও রেস্তোরাঁগুলির অগ্নিনিরাপত্তা ব্যবস্থা নিয়ে শুরু হয়েছে কড়া নজরদারি।এই পরিস্থিতিতে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন হোটেল ও রেস্তোরাঁয় অভিযান চালাল দমকল বিভাগ। কোথাও অগ্নিনির্বাপণ ব্যবস্থা যথাযথ রয়েছে কি না, জরুরি পরিস্থিতিতে বেরিয়ে যাওয়ার পথ, অগ্নিনির্বাপণ যন্ত্র এবং অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয় বলে জানা গিয়েছে।তারাপীঠের মর্মান্তিক ঘটনার পর প্রশাসনের এই তৎপরতাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই মনে করছেন সাধারণ মানুষ। কারণ, অগ্নিকাণ্ডের সময় পর্যাপ্ত অগ্নিনিরাপত্তা ব্যবস্থা এবং জরুরি নির্গমন পথ না থাকলে বড়সড় বিপর্যয় ঘটতে পারে।পরিদর্শনের সময় কোনও অনিয়ম বা অগ্নিনিরাপত্তা ব্যবস্থায় ঘাটতি ধরা পড়লে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া এবং আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সম্ভাবনাও রয়েছে। এর আগে ধূপগুড়িতেও হোটেল, লজ ও রেস্তোরাঁ-সহ একাধিক প্রতিষ্ঠানে পরিদর্শন করে অগ্নিনিরাপত্তা সংক্রান্ত অসঙ্গতি পাওয়ার খবর সামনে এসেছে।তারাপীঠের ঘটনা থেকে শিক্ষা নিয়ে উত্তরবঙ্গের হোটেল ও রেস্তোরাঁগুলিতে অগ্নিনিরাপত্তা কতটা মজবুত, সেই প্রশ্নেই এখন জোর দিচ্ছে প্রশাসন।

# এশিয়ান হাইওয়েতে ভুটান বাসে আগুন নিয়ে চাঞ্চল্য




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট :** হাসিমারা এলাকায় এশিয়ান হাইওয়েতে ভয়াবহ অগ্নিকাণ্ড। পুড়ে ভস্মীভূত একটি ভুটান বাস।যদিও বাসে কোনো যাত্রী ছিলনা। শুধু চালক ছিল। চালক বাস থেকে নেমে যায়।যেটা জানা গিয়েছে এদিন প্রতিবেশী দেশ ভুটানের একটি বাস মেরামত করার জন্য ধূপগুড়ি যাচ্ছিল হাসিমারা এলাকায় এশিয়ান হাইওয়েতে হঠাৎ শট সার্কিট জেরে বাসে আগুন লেগে যায় ঐ সময় বাসের চালক বাস থেকে নেমে পড়ে পুরো বাস পুড়ে ভস্মীভূত হয়ে যায়। ঘটনাস্থলে দমকলের একটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

# আইসিডিএস কর্মীকে সপাটে চড়, অভিযোগ পুলিশের কাছে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট :** পূর্ব চেপানি এলাকার আইসিডিএস কর্মী অপর্ণা দেবনাথ এর অভিযোগ তার বাড়িতে গিয়ে অনু দেবনাথ তাকে মারধর করে অন্নপূর্ণা ভাণ্ডারে টাকা-পাননি তাই। তার সঙ্গে আরও বেশ কয়েকজন ছিলেন শুক্রবার রাতে এমন ঘটনার পরেই পুলিশ ঘটনাস্থলে যায়। শনিবার অপর্ণা দেবনাথের পক্ষ থেকে লিখিত অভিযোগ দায়ের করা হয় শামুকতলা রোড পুলিশ ফাঁড়িতে। অন্যদিকে গ্রামের মহিলারা এক জোট হয়ে অপরনাথ দেবনাথ এর বিরুদ্ধে গণ অভিযোগ দায়ের করে পুলিশের কাছে। মহিলাদের অভিযোগ শুক্রবার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে তারা গিয়েছিলেন অন্নপূর্ণা ভাণ্ডারের টাকা কেন ঢুকলো না তার খতিয়ে দেখতে। সেই সময় ব্লক অফিসের কর্মীরা জানিয়েছেন তাদের এলাকার আইসিডিএস কর্মী তাদের নাম কেটে দিয়েছে। এরপরই শুক্রবার রাতে বেশ কয়েকজন মিলে তাকে জিজ্ঞেস করতে গেলেই তার স্বামী এবং তিনি মিলে মহিলাদের মারধর করেছেন। ঘটনাস্থলে গিয়েছিল পুলিশ পুলিশ গিয়ে প্রাথমিকভাবে ঝামেলা মিটিয়ে দিলেও শনিবার আইসিডিএস কর্মী পাঁচ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার পরেই প্রায় ৩০ জন মহিলা এসে তার বিরুদ্ধে গণ অভিযোগ দায়ের করেছেন। তাদের অভিযোগ দারিদ্র্যসীমার নিচে বাস তাদের। আইসিডিএস কর্মী নিজের মন মত বাড়িতে বসে তার নিকটত্ব লোকদের নাম তালিকায় রেখেছেন বাকিদের নাম বাতিল করেছেন। অভিযোগের পরেই পুলিশ তদন্ত শুরু করার আশ্বাস দিয়েছে তবে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের পূর্ব-চেপানি এলাকায় প্রচন্ড উত্তেজনা রয়েছে।

# জয়গাঁয় গ্রেফতার তৃণমূলের প্রধান




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট :** গ্রেফতার জয়গাঁ দুই গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রধান অঞ্জু খাতুন।তার বিরুদ্ধে গ্রাম পঞ্চায়েতের দুর্নীতির অভিযোগ রয়েছে। জয়গাঁ দুই গ্রাম পঞ্চায়েত বিজেপির বিরোধী দলনেতা জানান গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন কাজ নিয়ে আমাদের বিজেপি পঞ্চায়েতদের অন্ধকারে রাখতো এই প্রধান। এমনকি বিভিন্ন ভাবে গ্রাম পঞ্চায়েতে দুর্নীতি করতো এই প্রধান।জানা গিয়েছে গতকাল প্রধান অঞ্জু খাতুনকে গ্রেফতার করা হয় এবং গতকাল সে অসুস্থ হয়ে পড়ায় তাকে হাসপাতালে ভর্তি করানো হয় এবং বর্তমানে চিকিৎসাধীন আছে।

# বিপুল পরিমানে গাঁজা উদ্ধার ,গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২২ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও দিনহাটা থানার পুলিশ দিনহাটার পেটলা এলাকায় যৌথ অভিযান চালিয়ে একটি তামাকের গাঁট বোঝাই ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাকে থাকা তামাকের গাঁটের আড়াল থেকে উদ্ধার হয় ৪৮৭.৬৩৫ কেজি গাঁজা। পুলিশ সূত্রে জানা গেছে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে এই অভিযান চালিয়ে অতি কৌশলে তামাকের গাঁটের আড়াল করে গাঁজা পাচারের ছক ভেস্তে দেওয়া হয়। গাঁজা সহ ট্রাক বাজেয়াপ্ত করে চালককে গ্রেপ্তার করা হয়। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ এই পাচার চক্রের সন্ধানে তল্লাশী জারী রেখেছে।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,২২ আগস্ট :** মুর্শিদাবাদ জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও শক্তিপুর থানার পুলিশ নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার থানা এলাকায় একটি অভিযান চালিয়ে দুই জনকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই জনের হেফাজত থেকে উদ্ধার হয় তিনটি আগ্নেয়াস্ত্র, ছয়টি ম্যাগাজিন ও চল্লিশ রাউন্ড গুলি। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক দুই জনকে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয় ও আদালতে পাঠানো হয়। পুলিশের অনুমান এই দুইজন অবৈধ অস্ত্র কারবার চক্রের সাথে জড়িত। চক্রের অন্যান্যদের খোঁজে তল্লাশী জারী রেখেছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |